

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৯৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রংকুতে যেতে ও রংকু থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدِ الْإِفْتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَالْخِلَافِ
الرّوایات

আরবী

حَدَّثَنَا أَبْنُ مُبْشِرٍ ، ثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ ، حٍ : وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ بْنِ رُمَيْسٍ ، ثَنَا
مُحَمَّدُ بْنُ حَسَانَ ، قَالَا : نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، ثَنَا شُعْبَةُ - يَعْنِي : عَنْ قَتَادَةَ -
وَحَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، نَا أَبُو كَامِلٍ ، ثَنَا أَبُو عَوَانَةَ ، عَنْ قَتَادَةَ ،
عَنْ نَصْرِ بْنِ عَاصِمٍ ، عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ أَنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ -
- : " كَانَ يَرْفَعُ يَدِيهِ إِذَا اسْتَفْتَحَ الصَّلَاةَ ، وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ ، وَيَعْدَ مَا يَرْفَعُ رَأْسَهُ مِنَ
الرُّكُوعِ " قَالَ أَبْنُ مُبْشِرٍ : " إِنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - كَانَ إِذَا اسْتَفْتَحَ
الصَّلَاةَ رَفَعَ يَدِيهِ ، وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ ، وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ " . وَقَالَ أَبُو عَوَانَةَ :
" كَانَ يَرْفَعُ يَدِيهِ إِذَا كَبَرَ ، وَإِذَا رَكَعَ ، وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فَقَالَ : سَمِعَ اللَّهُ لِمَنْ
حَمِدَهُ ، يَرْفَعُ يَدِيهِ حَذْوَ مَنْكِبِيهِ

বাংলা

১০৯৬(১৫). ইবনে মুবাশশির (রহঃ) ... মালেক ইবনুল হুওয়াইরিস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামায শুরু করতেন, যখন রংকুতে যাওয়ার ইচ্ছা করতেন এবং রংকু থেকে নিজের মাথা উঠানোর পর নিজ হস্তদ্বয় উপরে উত্তোলন করতেন। ইবনে মুবাশশির (রহঃ) তার বর্ণনায় বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামায শুরু করতেন, যখন রংকু করার ইচ্ছা করতেন এবং যখন রংকু থেকে নিজের মাথা উঠাতেন তখন নিজ হস্তদ্বয় উপরে উত্তোলন করতেন। আবু আওয়ানা (রহঃ) তার বর্ণনায় বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাকবীর (তাহরীমা) বলতেন, যখন রংকু করতেন এবং যখন সামিআল্লাহ' লিমান হামিদাহ' বলে রংকু থেকে উঠতেন তখন তার দুই হাত তার কাঁধ বরাবর উপরে উঠাতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাগ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু হৃয়াইরিস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80885>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন